কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫ , মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭ , ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা বিভাগের আয়োজনে অনুষ্ঠিত আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৬-২০২৭-এর ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে।

ফাইনাল খেলায় ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ ও লোক প্রশাসন বিভাগ প্রতিদ্বন্দ্বিতা করে। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ম্যাচে লোক প্রশাসন বিভাগকে পরাজিত করে ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ টানা তৃতীয়বারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এ প্রতিযোগিতায় লোক প্রশাসন বিভাগ রানার্স-আপ এবং বাংলা বিভাগ তৃতীয় স্থান অর্জন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম এম শরীফুল করীম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক ড. মোহাম্মদ মহিউদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম এম শরীফুল করীম ফাইনালে অংশগ্রহণকারী চ্যাম্পিয়ন ও রানার্স-আপ উভয় দলের খেলোয়াড় এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীকে অভিনন্দন জানান। তিনি বলেন, পুরো টুর্নামেন্ট কোনো ধরনের বিশৃঙ্খলা ছাড়াই সুশৃঙ্খলভাবে সম্পন্ন হওয়া অত্যন্ত স্বস্তিদায়ক। এ সফলতার জন্য টুর্নামেন্টে অংশগ্রহণকারী ১৯টি বিভাগের শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম ও সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক ও মডেল বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে একাডেমিক কার্যক্রমের পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমেও সমান গুরুত্ব দেওয়া হচ্ছে উল্লেখ করে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াঙ্গনের উন্নয়নে বেশ কিছু সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে চ্যাম্পিয়ন দলের সঙ্গে বাকি ১৮টি বিভাগের সেরা খেলোয়াড়দের সমন্বয়ে একটি যৌথ একাদশের প্রীতি ম্যাচ আয়োজন করা হবে। পাশাপাশি আসন্ন আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতার জন্য এ টুর্নামেন্টে খেলোয়াড়দের পারফরম্যান্সের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের একটি শক্তিশালী ফুটবল দল গঠন করা হবে।

তিনি আরও জানান, বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামকে আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন বৃহৎ স্পোর্টস কমপ্লেক্সে রূপান্তরের উদ্যোগ নেওয়া হয়েছে। একইসঙ্গে বাস্কেটবল গ্রাউন্ড দ্রুত সংস্কার করে খেলার উপযোগী করা, ছাত্রীদের জন্য পৃথক স্পোর্টস কমপ্লেক্স নির্মাণ এবং কেন্দ্রীয় মাঠে মানসম্মত ক্রিকেট পিচ নির্মাণ করে ক্রিকেট টুর্নামেন্ট আয়োজনের পরিকল্পনাও রয়েছে।

বিশেষ অতিথির বক্তব্যে মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার বলেন, টুর্নামেন্টের উদ্বোধনী দিনে খেলাধুলাকে কেন্দ্র করে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা বা সংঘাত সৃষ্টি না হওয়ার প্রত্যাশা করা হয়েছিল। শিক্ষার্থীরা সেই প্রত্যাশা পূরণ করে শৃঙ্খলা ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রেখে টুর্নামেন্টটি সফলভাবে সম্পন্ন করেছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

তিনি বলেন, প্রতিযোগিতামূলক খেলায় হার-জিত থাকবেই। চ্যাম্পিয়ন দলের পাশাপাশি রানার্স-আপ ও তৃতীয় স্থান অর্জনকারী দলকেও অভিনন্দন জানিয়ে তিনি বলেন, তীব্র প্রতিদ্বন্দ্বিতার মধ্য দিয়েই খেলাধুলার প্রকৃত সৌন্দর্য ফুটে ওঠে। ভবিষ্যতেও পারস্পরিক সৌহার্দ্য ও ক্রীড়াসুলভ মনোভাব বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াঙ্গনকে আরও এগিয়ে নেওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

সভাপতির বক্তব্যে ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক ড. মোঃ মহিউদ্দিন চ্যাম্পিয়ন, রানার্স-আপ ও তৃতীয় স্থান অর্জনকারী দলকে অভিনন্দন জানান। টুর্নামেন্টের শুরু থেকে নিয়মিত খোঁজখবর নেওয়া এবং উপস্থিত থেকে শিক্ষার্থীদের অনুপ্রেরণা জোগানোর জন্য মাননীয় উপাচার্য ও উপ-উপাচার্যের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

টুর্নামেন্টটি সফলভাবে সম্পন্ন করতে সহযোগিতার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, বিভিন্ন বিভাগের নেতৃবৃন্দ, পরিবহন শাখা, মেডিকেল টিম, এস্টেট শাখা ও প্রক্টরিয়াল বডির প্রতি ধন্যবাদ জানান তিনি। পাশাপাশি ম্যাচ পরিচালনায় দায়িত্ব পালনকারী রেফারি, ধারাভাষ্যকার এবং ক্রীড়া পরিচালনা কমিটির সদস্যদের অক্লান্ত পরিশ্রমের জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন

তিনি আরও বলেন, "আমি চাই কুমিল্লা বিশ্ববিদ্যালয় শুধু পড়াশোনায় নয়, খেলাধুলার মাধ্যমেও সারা বাংলাদেশে প্রতিনিধিত্ব করুক। ভবিষ্যতেও এ ধরনের সফল টুর্নামেন্ট আয়োজনে আপনাদের সহযোগিতা কামনা করছি।"

অনুষ্ঠানের পুরস্কার বিতরণী পর্বে তৃতীয় স্থান অর্জনকারী বাংলা বিভাগ, রানার্স-আপ লোক প্রশাসন বিভাগ এবং চ্যাম্পিয়ন ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের খেলোয়াড়, কোচ ও ম্যানেজারদের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেওয়া হয়।

এ সময় ফাইনাল ম্যাচ পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য ম্যাচ অফিশিয়ালদের সম্মাননা স্মারক প্রদান করা হয়। এছাড়া বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক জনাব টাইগার শরীফকে বিশেষ শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রক্টরিয়াল বডির সদস্য, ক্রীড়া পরিচালনা কমিটির সদস্য, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, এবং বিপুলসংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা